
উচ্চশিক্ষা

টাইমস হায়ার এডুকেশনের 'ইমপ্যাক্ট র‍্যাঙ্কিং', বাংলাদেশের ১৯
শিক্ষাপ্রতিষ্ঠানে সেরা বেসরকারি বিশ্ববিদ্যালয়

প্রথম আলো ডেস্ক



ছবি: প্রথম আলো

যুক্তরাজ্যভিত্তিক শিক্ষা সাময়িকী টাইমস হায়ার এডুকেশন (টিএইচই) বিশ্বের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের র‍্যাঙ্কিং প্রকাশ করে। এবার প্রকাশ করেছে 'ইমপ্যাক্ট র‍্যাঙ্কিং'। সম্প্রতি প্রকাশিত এবারের র‍্যাঙ্কিংয়ে বাংলাদেশের ৮টি সরকারি বিশ্ববিদ্যালয় ও ১১টি বেসরকারি বিশ্ববিদ্যালয় আছে।

১৭টি ক্যাটাগরির ওপর ভিত্তি করে র‍্যাঙ্কিংটি তৈরি করা হয়েছে। এগুলো হলো, নো পোভার্টি; জিরো হাঙ্গার; গুড হেলথ অ্যান্ড ওয়েলবিং; কোয়ালিটি এডুকেশন; জেভার ইকুয়ালিটি; ক্লিন ওয়াটার অ্যান্ড স্যানিটেশন; অ্যাফোর্ডেবল অ্যান্ড ক্লিন এনার্জি; ডিসেন্ট ওয়ার্ক অ্যান্ড ইকোনমিক গ্রোথ; ইন্ডাস্ট্রি ইনোভেশন অ্যান্ড ইনফ্রাস্ট্রাকচার; রিকোয়ার্ড ইনইকুয়ালিটিস; সাসটেইনেবল সিটিজ অ্যান্ড কমিউনিটিস; রেসপন্সিবল কনজামশান অ্যান্ড প্রোডাকশন; ক্লাইমেট অ্যাকশন; লাইফ বিলো ওয়াটার; লাইফ অন ল্যান্ড; পিস, জাস্টিস অ্যান্ড স্ট্রং ইন্ডাট্রিশনস ও পার্টনারশিপ ফর দ্য গোলস। র‍্যাঙ্কিং নির্ধারণে এসব সূচকের ব্যাখ্যায় বলা হয়েছে, বিশ্ববিদ্যালয়ে শিক্ষার সামগ্রিক মান, গবেষণায় সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের গবেষণাকর্মের খ্যাতি-জরিপ, গবেষণা থেকে আয়, গবেষণার সংখ্যা ও মান, গবেষণা-উদ্ধৃতি, আন্তর্জাতিক দৃষ্টিভঙ্গি, উদ্ভাবন প্রভৃতি।

এসব ক্যাটাগরিতে টাইমস হায়ার এডুকেশন র‍্যাঙ্কিংয়ে বেসরকারি ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি বাংলাদেশের বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে প্রথমে আছে। বিশ্বব্যাপী দেশের এই বিশ্ববিদ্যালয়টি ৩০১ থেকে ৪০০তম অবস্থানে আছে।

১৭টি ক্যাটাগরিতে করা র্যাঙ্কিংয়ে বাংলাদেশের বাকি বিশ্ববিদ্যালয়গুলো হলো, ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি অব বিজনেস অ্যাগ্রিকালচার অ্যান্ড টেকনোলজি (৬০১ থেকে ৮০০), রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (৬০১ থেকে ৮০০), আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি (৮০১ থেকে ১০০০), যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (৮০১ থেকে ১০০০), ইউনিভার্সিটি অব লিবারেল আর্টস বাংলাদেশ (৮০১ থেকে ১০০০), বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় (১০০১ থেকে ১৫০০), বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (১০০১ থেকে ১৫০০), ইনডিপেনডেন্ট ইউনিভার্সিটি অব বাংলাদেশ (১০০১ থেকে ১৫০০), জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (১০০১ থেকে ১৫০০), চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (১০০১ থেকে ১৫০০), রাজশাহী বিশ্ববিদ্যালয় (১০০১ থেকে ১৫০০), ওয়ার্ল্ড ইউনিভার্সিটি অব বাংলাদেশ (১০০১ থেকে ১৫০০), ঢাকা ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি (১৫০১ +), হাজী দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (১৫০১ +), স্টেট ইউনিভার্সিটি অব বাংলাদেশ (১৫০১ +) ও বরেন্দ্র ইউনিভার্সিটি (১৫০১ +)।

১১ বেসরকারি বিশ্ববিদ্যালয়—

তালিকায় আছে ১১টি বেসরকারি বিশ্ববিদ্যালয়। সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে প্রথম স্থান লাভ করেছে বেসরকারি ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি এবং যৌথভাবে দ্বিতীয় অবস্থানে রয়েছে ব্র্যাক ইউনিভার্সিটি ও ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি।

তা ছাড়া তালিকার বাকি বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলো হচ্ছে যথাক্রমে ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি অব বিজনেস অ্যাগ্রিকালচার অ্যান্ড টেকনোলজি, আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, ইউনিভার্সিটি অব লিবারেল আর্টস বাংলাদেশ, ইনডিপেনডেন্ট ইউনিভার্সিটি অব বাংলাদেশ, ওয়ার্ল্ড ইউনিভার্সিটি অব বাংলাদেশ, ঢাকা ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, স্টেট ইউনিভার্সিটি অব বাংলাদেশ ও বরেন্দ্র ইউনিভার্সিটি।

ছবি: প্রথম আলো

তালিকায় ৮ পাবলিক বিশ্ববিদ্যালয়

তালিকায় এবার ৮টি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের স্থান হয়েছে। সরকারি বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে প্রথম স্থান লাভ করেছে রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় রুয়েট। তালিকায় বাকি সরকারি বিশ্ববিদ্যালয়গুলো হলো যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, রাজশাহী বিশ্ববিদ্যালয় এবং হাজী দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

এবারের তালিকায় এক নম্বরে আছে অস্ট্রেলিয়ার ওয়েস্টার্ন সিডনি বিশ্ববিদ্যালয়। এরপরই ইংল্যান্ডের ম্যানচেস্টার ইউনিভার্সিটি। তৃতীয় অবস্থানে ইউনিভার্সিটি অব তাসমানিয়া। চতুর্থ ডেনমার্কের আলবর্গ ইউনিভার্সিটি এবং তালিকার পঞ্চম স্থানে রয়েছে অস্ট্রেলিয়ার আরএমআইটি বিশ্ববিদ্যালয়।



প্রথম আলোর খবর পেতে গুগল নিউজ চ্যানেল ফলো করুন



